মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
www.dhakaeducationboard.gov.bd

নং- ৫৮/নতুন/মাদারীপুর/ ৪৫২  তারিখ : ২২/৪/১

বিষয় : বিদ্যালয়ে নবম শ্রেণী খোলার প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।

এতদ্বারা বিদ্যালয় কর্তৃপক্ষকে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, মৌলিক শর্তাবলী পূরণ করায় প্রচলিত সাধারণ শর্তে ০১/০১/২০১১ তারিখ হতে পরবর্তী ৩ (তিন) বছরের জন্য নিম্নবর্ণিত বিষয়সমূহ পড়ানোর অনুমোদনসহ মানবিক শাখায় নবম শ্রেণী খোলার প্রাথমিক অনুমতি প্রদান করা হলো।

১। আবশ্যিক বিষয় সমূহ : (ক) বাংলা, (খ) ইংরেজী, (গ) গণিত, (ঘ) ধর্ম শিক্ষা, (ঙ) সাধারণ বিজ্ঞান,
২। নৈর্বাচনিক বিষয় সমূহ : পাঠ্যক্রম অনুযায়ী।
যে কোন ৩টি
৩। ঐচ্ছিক বিষয় : ঐ
যে কোন ১টি

শর্তসমূহ :

১। নবম শ্রেণী খোলার অনুমতিকে প্রথম পর্যায়ে ৩ (তিন) বছরের জন্য পাঠদানের অনুমতি বলে গণ্য করতে হবে। কোন অবস্থাতে একে স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।
২। এ পত্র কার্যকর হওয়ার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিদ্যালয়ের জন্য বিধি মোতাবেক একটি এডহক কমিটি গঠনের প্রস্তাব বোর্ডে পাঠাতে হবে।
৩। বিদ্যালয়ের নবম/১১ সনের ছাত্র/ছাত্রীদের নাম রেজিস্ট্রেশনের জন্য বোর্ডে যোগাযোগ করতে হবে।
৪। বিদ্যালয়ের কম্পিউটার কোড নম্বর প্রাপ্তির জন্য বিদ্যালয়ের নাম ও ঠিকানা ইংরেজী ক্যাপিটাল লেটারে লিখে সহকারী বিদ্যালয় পরিদর্শক (রেজিস্ট্রেশন) বরাবরে দাখিল করতে হবে।
৫। এসএসসি পরীক্ষা পাশের ফলাফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত হলে প্রথম স্বীকৃতি প্রাপ্তির জন্য বোর্ডের সচিবের অনুকূলে ফি বাবদ ৮,০০০/- (আট হাজার) টাকার জমা দেয়ার পর ০১/০১/২০১৬ তারিখ হতে প্রথম স্বীকৃতি প্রদানের বিষয় বিবেচনা করা হবে।
৬। ষ্টাফিং প্যাটার্ন অনুযায়ী বিদ্যালয়ে নিবন্ধনকৃত শিক্ষক/শিক্ষিকা নিয়োগ করতে হবে। বিদ্যালয়ের কর্মরত শিক্ষকদের পর্যায়ক্রমে প্রশিক্ষণে পাঠাতে হবে।
৭। বিদ্যালয়ের সংরক্ষিত তহবিলের টাকা বোর্ডের অনুমতি ব্যতীত উত্তোলন করা যাবে না।
৮। বিদ্যালয়ে ছাত্র/ছাত্রীর সংখ্যা বৃদ্ধি করাসহ শিক্ষার গুণগত মান বৃদ্ধি করতে হবে।
৯। বিদ্যালয়ের আঙ্গীনায় ছোট-বড় বৃক্ষ রোপন করে পরিচর্যার ব্যবস্থা করতে হবে।
১০। সরকারী নির্দেশনা অনুযায়ী এবং এনসিটিবি কর্তৃক নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে।
৯। বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
১০। বোর্ডের পরামর্শক্রমে আগামী ৬ (ছয়) মাসের মধ্যে বিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট উন্নয়ন করতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।

প্রাপক : প্রধান শিক্ষক
পূর্ব কাকইর উচ্চ বিদ্যালয়,
পোঃ- উৎরাইল, উপজেলা- শিবচর,
জেলা- মাদারীপুর।

মেমো নং- ৪৫২ (৫১)  তারিখ : ২২/৪/১১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
২। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
৩। পরিচালক, পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, টেক্সট বুক বোর্ড ভবন, মতিঝিল, ঢাকা।
৪। জেলা প্রশাসক, মাদারীপুর।
৫। উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।
৬। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
৭। জেলা শিক্ষা অফিসার, মাদারীপুর।
৮। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।